

নারীপক্ষ

র্যাংগস নীলু স্কয়ার (৫ম তলা) বাড়ি-৭৫, সড়ক-৫/এ, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯, বাংলাদেশ।
ফোন: ৮৮০-২-৯১২২৪৭৪, ৫৮১৫৩৯৬৭ফ্যাক্স: ৮৮০-২-৯১২২৪২৭, ই-মেইল: naripokkho@gmail.com ওয়েবসাইট: www.naripokkho.org.bd

স্মারক নং না.প ০৭/২০২২-১৯৮

২ আষাঢ় ১৪২৯


১৭ জুলাই ২০২২

প্রতিবাদ বিবৃতি

ধর্ম অবমাননার অভিযোগ তুলে হিন্দু সম্প্রদায়ের ঘরবাড়ি, দোকানপাট, মন্দিরে হামলা ও অগ্নিসংযোগ- নারীপক্ষ ভীষণভাবে ক্ষুব্ধ ও উদ্বেগ

গত ১৫ জুলাই, শুক্রবার নড়াইলের লোহাগড়া উপজেলায় ফেইসবুকে দেয়া একটি পোস্টকে কেন্দ্র করে ধর্ম অবমাননার অভিযোগ তুলে সেখানকার হিন্দু সম্প্রদায়ের শতাধিক ঘরবাড়ি, দোকানপাট ও মন্দিরে হামলা এবং অগ্নিসংযোগ করা হয় বলে সংবাদ মাধ্যমে প্রকাশিত। এধরনের ঘটনা ধারাবাহিকভাবে দেশের বিভিন্ন স্থানে ঘটছে। এইসকল ঘটনা সংখ্যালঘু ধর্মাবলম্বীদের নিরাপত্তা ও নাগরিক অধিকারের উপরই আঘাত। এইসকল ঘটনায় নারীপক্ষ লজ্জিত এবং ভীষণভাবে ক্ষুব্ধ ও উদ্বেগ। এর পুনরাবৃত্তি রোধে আমাদের সকলকে উদ্যোগী হতে ও কার্যকর ভূমিকা রাখতে হবে, তবে ধর্মের নামে উন্মাদনা নিরোধ এবং নিয়ন্ত্রণে সরকার ও প্রশাসনের দায়িত্ব সর্বাধিক।

সকল প্রকার ধর্মীয় উন্মাদনা এবং সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী তৎপরতা নিরোধ ও নিয়ন্ত্রণ এবং হিংসাত্মক কার্যকলাপ রোধে সরকারকে এখনই ধর্ম মন্ত্রণালয়, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সংশ্লিষ্ট প্রশাসনের মাধ্যমে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার দাবি জানাচ্ছে নারীপক্ষ। সেইসাথে এলাকার জনগণ, জনপ্রতিনিধি ও পাড়াপ্রতিবেশীদের প্রতি নারীপক্ষ আহ্বান জানাচ্ছে যে, এই ধরনের কোন ঘটনা যাতে ঘটতে না পারে এরজন্য আপনারা প্রত্যেকে নিজ নিজ অবস্থান থেকে সজাগ ও তৎপর থাকুন। এই ধরনের ঘটনা ঘটলে বা ঘটার উপক্রম হলে তা প্রতিরোধে নিজে সক্রিয় হোন, অন্যকে যুক্ত করুন।



তামান্না খান পপি
আন্দোলন সম্পাদক
নারীপক্ষ।

NARIPOKKHO

GPO Box-723, Dhaka-1000, Bangladesh, Phone: 880-2-9122474, 58153967, Fax: 880-2-9122427
E-mail: naripokkho@gmail.com, Website: www.naripokkho.org.bd